BASMAH Foundation

# বাসমাহ বুলেটিন

জীবন আলোকিত করো, বদলে দাও পৃথিবী...

আগস্ট-২০২০

BASMAH BULLETIN
August-2020

## বাসমাহ ফাউন্ডেশনের কুরবানী প্রজেক্ট২০২০ সফলভাবে সমাপ্ত









**হাফিজুর রহমান:** প্রতি বছর ঘুরে ঘুরে মুসলমানদের মাঝে ফিরে আসে কুরবানীর ঈদ, এই ঈদে মুসলিমগণ স্মৃতিচারণ করে মুসলিম উম্মাহের সম্মানিত পিতা ইবরাহীম আ. এবং তার স্নেহধন্য সন্তান ইসমাঈল আ. এর মাঝে ঘটে যাওয়া ত্যাগ আর সংযমের অবিস্মরণীয় কাহিনী। মহান প্রতিপালকের সন্তুষ্টির তালাশে উদহিয়া বা কুরবানি করে গবাদি পশু উট, গরু, মহিষ, ছাগল, ভেড়া ইত্যাদি। কিন্তু এবারের ঈদটা অন্যান্য কুরবানির ঈদ থেকে বেশ ভিন্ন ছিলো। করোনাভাইরাসের বিষাক্ত ছোবলে পুরো পৃথিবীর অর্থনীতি হোঁচট খেয়েছে। নেমে এসেছে অন্ধকার, মধ্যবিত্ত ও নিম্ন বিত্তের মানুষগুলো হাপিয়ে উঠেছে কেবল রোজকার আহার যোগাতেই। এমন সময়ের ভেতরেই চলে এসেছিলো কুরবানির ঈদ, তাই পূর্বে যারা কুরবানির সামর্থ্য রাখতেন তার অনেকেই এবার অক্ষম ছিলেন। তবে এমন সংকটময় মুহূর্তেও আলহামদুলিল্লাহ বাসমাহ ফাউন্ডেশন কুরবানি/উদহিয়া প্রজেক্টের আয়োজন সুসম্পন্ন করতে পেরেছে। এবার ঈদে রোহিঙ্গা শরণার্থীথী শিবির এবং দেশের বিভিন্ন অঞ্চলে ২৫টি গরু এবং ৬টি ছাগল বাসমাহ ফাউন্ডেশনের অধিনে কুরবানি করা হয়েছে। কুরবানিকৃত এসব পশুর গোশত বাস্তুচ্যুত রোহিঙ্গা শরণার্থী ও দেশের দরিদ্র ও অসহায় মানুষের মাঝে বিতরণ করা হয়েছে।





## রোদ-বৃষ্টি মাথায় নিয়ে রোহিঙ্গা ক্যাম্পে বাসমাহ টিম অসুস্থ শিশুদের কালোজিরা তেল ও মধু বিতরণ

**বাসমাহ বুলেটিন ডেস্ক:**
রোহিঙ্গা ক্যাম্পে নিয়মিত সেবা প্রদানের ধারাবাহিকতায় করোনাকালে যুক্ত হয়েছে নতুন উদ্যোগ। বাসমাহ ইউএসএয়ের অর্থায়নে রোহিঙ্গা ক্যাম্পে কারোজিরার তেল ও মধু বিতরণ করছে বাসমাহ ফাউন্ডেশন।

রোদ-বৃষ্টি মাথায় নিয়ে নিয়মিতভাবে কালোজিরার তেল ও মধু বিতরণ চলছে। গত ১৯ জুলাই (রবিবার) প্রচন্ড বৃষ্টির মাঝে হাকিমপারা ক্যাম্প-১৪, ব্লক এম -১৩ -তে বাসমাহ ফাউন্ডেশনের লার্নিং সেন্টারের ৪১ জন শিশু-বাচ্চার ঘরে গিয়ে ঠান্ডা, কাশি ও জ্বরের প্রতিষেধক হিসেবে মধু ও কালোজিরার তেল বিতরণ করা হয়।

কালোজিরার তেল ও মধু পেয়ে এতোটাই খুশি হয়েছে শিশু-বাচ্চারা; যা আসলে ভাষায় প্রকাশ সম্ভব না। অসংখ্য-অগণিত এমন মায়ামাখা শিশু-বাচ্চার মুখে হাসি ফোটানোর মাধ্যমে মানসিক তৃপ্তি অর্জনের এই মহতি পথচলায় আপনিও হতে পারেন বাসমাহর সঙ্গী।

উপদেষ্টা: মীর সাখাওয়াত হোসাইন
সম্পাদক: আবু মুহাম্মাদ জুনাইদ

অর্থ সহযোগীতায় Basmah

ব্যবস্থাপনায় BASMAH Foundation

BASMAH Foundation

বাসমাহ বুলেটিন
জীবন আলোকিত করো, বদলে দাও পৃথিবী...
আগস্ট-২০২০

BASMAH BULLETIN
August-2020



বাসমাহ ফাউন্ডেশনের টেকনাফ শাখার সাবেক দায়িত্বশীল মরহুম মাওলানা রহমতুল্লাহ'র পরিবারকে বাসমাহর নগদ অর্থ ও ঈদ সামগ্রী প্রদান

**আবু মুহাম্মাদ জুনাইদ:** বাসমাহ ফাউন্ডেশনের সম্মানিত প্রতিষ্ঠাতা ও পরিচালক জনাব মীর সাখাওয়াত হোসাইন সাহেব বাসমাহ'র সাবেক দায়িত্বশীল মরহুম মাওলানা রহমতুল্লাহ সাহেবের পরিবারকে নগদ ৫০ হাজার টাকা প্রদান করেছেন। এছাড়াও প্রতি মাসে ১০ হাজার টাকা এবং প্রয়োজনের প্রতিটি মুহূর্তে পরিবারের পাশে থাকবে বলে আশ্বস্ত করেন তিনি।

গত ২৮ জুলাই কক্সবাজার, টেকনাফ উপজেলা নির্বাহী অফিসার জনাব সাইফুল ইসলাম-এর মাধ্যমে টেকনাফ শাখার সাবেক দায়িত্বশীল মাওলানা রহমতুল্লাহ সাহেবের পরিবারকে এই অর্থ প্রদান করা হয়। এছাড়াও মরহুমের রেখে যাওয়া ছেলে-মেয়েদের জন্য ঈদের পোষাক সহ অন্যান্য ঈদ সামগ্রী প্রদান করা হয়। এসময় উপস্থিত ছিলেন বাসমাহ ফাউন্ডেশনের কক্সবাজার জেলা এরিয়া ম্যানেজার হাফিজুর রহমান, প্রজেক্ট ম্যানেজার জাহাঙ্গীর আলম ও নূর মোহাম্মদ প্রমূখ।

উল্লেখ্য গত ২৬ জুন কর্মঠ ও পরিশ্রমী এই মানুষটি আকস্মিকভাবে মৃত্যু বরণ করেন। এতে বাসমাহ ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা পরিচালক জনাব মীর সাখাওয়াত হোসাইন সাহেব সহ বাসমাহ'র সকল কর্মী, স্বেচ্ছাসেবী ও শুভানুধ্যায়ীগণ শোক প্রকাশ করেছেন।



## সোনারগাঁও উপজেলা পরিষদ অফিসে আবারো স্বাস্থ্যসুরক্ষা সামগ্রী হস্তান্তর করলো বাসমাহ ফাউন্ডেশন




**আশিক আহমেদ: গত ৬ই জুলাই সোনারগাঁও উপজেলা** পরিষদ অফিসে আবারো সুরক্ষা সামগ্রী হস্তান্তর করেছে বাসমাহ ফাউন্ডেশন। বাইরের পরিবেশে কাজ করতে হয় কিন্তু প্রয়োজন পরিমাণ সেফটি সরঞ্জামের অভাবে স্বাস্থ্যবিধি মেনে চলতে অক্ষম এমনসব মানুষের জন্য সোনারগাঁও উপজেলা পরিষদ অফিসে পিপিই, মাস্ক, গ্লাভস, এলকোহল প্যাড, হ্যান্ড স্যানিটাইজার, হেড কভার, সাবান, গগলজ ইত্যাদি স্বাস্থ্যসুরক্ষামূলক ইকুয়েপমেন্ট হস্তান্তর করেছে বাসমাহ ফাউন্ডেশন।

বাসমাহর পক্ষ থেকে প্রদানকৃত এসব উপকরণ গ্রহণ করেছেন সোনারগাঁ উপজেলা সাবেক নির্বাহী অফিসার জনাব সাইদুল ইসলাম। এসময় বাসমাহ ফাউন্ডেশনের পক্ষ থেকে উপস্থিত ছিলেন অফিস ম্যানেজার জনাব আশাবুদ্দিন ও প্রজেক্ট ম্যানেজার জনাব আলআমীন। হস্তান্তর শেষে এক সংক্ষিপ্ত বক্তব্যে সাবেক নির্বাহী অফিসার জনাব সাইদুল ইসলাম বাসমাহর সার্বিক কার্যক্রমে সন্তুষ্টি প্রকাশ কারেন। করোনাভাইরাসের মহামারি প্রকোপ এখনো থামেনি। বরং প্রতিদিনই মৃত্যুর মিছিলে যুক্ত হচ্ছে নতুন নতুন নাম। সারাবিশ্বের বাঘা বাঘা স্বাস্থ্যবিশেষজ্ঞরা এখন পর্যন্ত করোনাভাইরাস মোকাবেলায় শতভাগ ফলপ্রসূ কোনো প্রতিষেধক আবিস্কার করতে সক্ষম হননি। তাই সচেতনতা আর স্বাস্থ্যবিধি মেনে চলাই একান্ত কাম্য...



BASMAH
Foundation

বাসমাহ বুলেটিন
জীবন আলোকিত করো, বদলে দাও পৃথিবী...
আগস্ট-২০২০

BASMAH BULLETIN
August-2020

# অবিরাম চিকিৎসা সেবায় বাসমাহ মেডিকেল টিম







**জাহাঙ্গীর আলম:**

আলহামদুলিল্লাহ বাসমাহ মেডিকেল টিম শিবিরে রোহিঙ্গা শরণার্থীদের বিনামূল্যে স্বাস্থ্যসেবা প্রদান অব্যাহত রেখেছে। কক্সবাজারের টেকনাফ থানাধীন লেদা ২৬ নং শরণার্থী ক্যাম্পে অবস্থিত বাসমাহ হেলথ পোস্ট শুক্রবার ব্যতিত সপ্তাহের অন্যান্য দিনগুলোতে সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত খোলা থাকে। প্রতিষ্ঠার শুরু থেকে বাস্তুচ্যুত রোহিঙ্গা শরণার্থী ও স্থানীয় অসহায় মানুষের সেবায় নিয়োজিত এই 'হেলথ পোস্ট'টিতে সম্পূর্ণ বিনামূল্যে চিকিৎসা সেবা ও প্রয়োজনীয় ঔষধ-পথ্য সরবরাহ করা হচ্ছে। বাসমহ মেডিকেল টিম রোহিঙ্গা শিবিরের অভ্যন্তরে করোনভাইরাস ছড়িয়ে পড়া রোধে কঠোর পরিশ্রম করছে। বাসমাহ মেডিকেল টীম রোগীদের তাপমাত্রা গ্রহণ করছে, পালস-অক্সিজেন ডিজিটাল থার্মোমিটার ব্যবহার করে শরণার্থীদের অক্সিজেনের স্তর এবং স্বাস্থ্য পরামর্শ দিয়ে সচেতনতা বাড়িয়ে তুলছে ।



## অব্যাহত রয়েছে বাসমাহ ফাউন্ডেশনের খাদ্যসামগ্রী বিতরণের আয়োজন
## Basmah Foundation হোক আপনার আস্থার ঠিকানা

**কায়েস মুস্তফা:**

করোনায় থেমে গেছে প্রায় সব। শুধু থেকে থাকেনি মানবসেবায় নিয়োজিত কার্যক্রম। দরিদ্র, অসহায় মানুষের পাশে দাঁড়াতে দিন-রাত কাজ করছে বাসমাহ ফাউন্ডেশন। জীবনের মায়া ত্যাগ করে মানবতার তরে ছুটে বেড়াচ্ছে বাসমাহ ফাউন্ডেশনের কর্মীসহ স্বেচ্ছাসেবকগণ।

বাসমাহ ইউএসএয়ের অর্থায়নে বাসমাহ ফাউন্ডেশনের তত্ত্বাবধানে চলছে কারোনাসহ বিভিন্ন প্রাকৃতিক দূর্যোগে ক্ষতিগ্রস্ত মানুষকে সহযোগিতা করার মহতি আয়োজন। ধারাবাহিক এ প্রকল্পের নিয়মিত আয়োজনের অংশ হিসেবে গত ১৮ই জুলাই সোনারগাঁ বারদী ইউনিয়নের মসলন্দপুর এলাকায় ফাউন্ডেশনের একনিষ্ঠ স্বেচ্ছাসেবীরা ঘরোয়া পরিবেশে ত্রাণ সামগ্রী বিতরণ করেছেন।

মানবতা পাশে দাঁড়ানোর দায়কে দায়িত্ব হিসেবে গ্রহণ করে লক্ষাধিক মানুষের পাতে আহার পৌঁছানোর এই মিশন সুষমভাবে পরিচালিত হয়ে আসছে আলহামদুলিল্লাহ।

কিন্তু এ দায় কি শুধু বাসমাহ ফাউন্ডেশনের একার? না, এ দায় কিংবা এ দায়িত্ব কারো একার নয়। স্বচ্ছল এবং তুলনামূলক আর্থিক সাবলম্বি সবার উচিত অসহায় মানুষের পাশে দাঁড়ানো। খাবার দিয়ে, অর্থ দিয়ে এমনকি শ্রম দিয়েও মানবতার এ করুণ সময় মানুষের জন্য সহযোগিতার হাত বাড়াতে পারেন আপনিও।

কিছুই করতে হবে না আপনাকে। শুধু নিয়ত করুন এবং অর্থ দিয়ে বাসমাহর সঙ্গী হোন। সৎ, যোগ্য এবং একনিষ্ট কর্মীর মাধ্যমে সবচেয়ে দরিদ্র, সবচেয়ে অসহায় এবং সবচেয়ে হকদার মানুষটির হাতে আপনার আমানত পৌঁছে দিবে বাসমাহ ফাউন্ডেশন।




## ময়মনসিংহ এবং সিলেটে খাদ্যসামগ্রী বিতরণের

গত ১লা জুলাই বাসমাহ টিম খাদ্য সামগ্রী নিয়ে উপস্থিত ছিলো ময়মনসিংহের বাড়েরায়।

করোনার এই দুঃসময়ে গরিব-অসহায় মানুষের মাঝে বাসমাহ ফাউন্ডেশনের পক্ষ থেকে চাল-ডাল এবং সেফটি সামগ্রী সাবান ও মাস্ক বিতরণ করা হয়েছে। এদিকে গত ২২ জুলাই সিলেটে চতুর্থবারের মত খাদ্যসামগ্রী নিয়ে উপস্থিত হয়েছিলো বাসমাহ। প্রবল বৃষ্টি আর পাহাড়ি ঢল উপেক্ষা করে প্রায় এক হাজার মানুষের মাঝে বিতরণ করা হয় এসব খাদ্য সামগ্রী



BASMAH Foundation

# বাসমাহ বুলেটিন

জীবন আলোকিত করো, বদলে দাও পৃথিবী...

আগস্ট-২০২০

BASMAH BULLETIN
August-2020

## বাসমাহ তরুণ আলেম প্রশিক্ষণ ও কর্মসংস্থান প্রকল্প



**যুবায়ের আহমেদঃ** সদ্য ফারেগ আলেম-উলামাদের দ্বীনি শিক্ষা প্রদানমূলক ব্যবস্থাপণায় জড়িত রাখার পাশাপাশি বছরব্যাপি কর্মমুখী বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা করার লক্ষ্যে 'বাসমাহ তরুণ আলেম প্রশিক্ষণ ও কর্মসংস্থান প্রকল্প' শিরোনামে একটি কমপ্লেক্সের নির্মাণকাজ চলছে, বাসমাহ ফাউন্ডেশনের তত্ত্বাবধানে ময়মনসিংহ জেলা সদরের বাড়েরার পাড়ে নির্মিত এই কমপ্লেক্সের আওতাধীন থাকবে বাসমাহ এগ্রো (সকল গবাদী পশুর খামার), কৃষিপণ্য উৎপাদন প্রশিক্ষণ কেন্দ্র, মৎস-চাষ কেন্দ্র, সেলাইমেশিন প্রশিক্ষণ কেন্দ্র, বেবি লার্নিং সেন্টার, কম্পিউটার ট্রেনিং সেন্টার, মক্তব-মাদরাসা ও কারিগরি শিক্ষাব্যবস্থাসহ যুবক এবং বয়স্কদের জন্য বিশেষ আত্মশুদ্ধিমূলক কোর্স। সদ্য ফারেগ একজন আলেম এই কমপ্লেক্সে দিনের একাংশে তার যোগ্যতা অনুযায়ী মক্তব, মাদরাসা, স্কুল কিংবা অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা প্রদানে সময় দিবেন এবং দিনের পরবর্তী সময়টুকুতে তিনি তার চাহিদা ও পছন্দ অনুযায়ী কর্মসংস্থান সৃষ্টিমুখী যে কোনো প্রকল্পে হাতে কলমে প্রশিক্ষণ গ্রহণের মানসিকতা নিয়ে কাজ করবেন। উল্লেখ্য, প্রশিক্ষণ প্রদানের জন্য প্রতিটি সেক্টরের প্রকল্প বিষয়ক দক্ষ ও যোগ্য ব্যক্তি নিয়োজিত থাকবেন।

## বাসমাহ ফাউন্ডেশনের উদ্যোগে নিম্ন আয়ের মানুষদের মাঝে প্রস্তুতকৃত খাবার বিতরণ




**আমিন মাহমুদ: বাসমাহ ফাউন্ডেশনের** উদ্যোগে মোহাম্মদপুরের কয়েকটি বস্তিতে প্রায় ২০০ দরিদ্র পরিবারের মাঝে রান্না করা খাবার বিতরণ করা হয়েছে। গত ১৬ জুলাই বৃহস্পতিবার দুপুরে মোহাম্মদপুর নবোদয় এলাকার কয়েকটি বস্তিতে বাসমাহ ফাউন্ডেশনের নতুন প্রকল্প বাসমাহ ফুডের ব্যানারে এই সেবাকার্যক্রম পরিচালিত হয়।

এ বিষয়ে বাসমাহ সেচ্ছাসেবক টিমের অন্যতম সমন্বয়ক মোহাম্মদ আমিন জানান, 'দরিদ্র ও অসহায় মানুষের জন্য কাজ করে যাচ্ছে বাসমাহ ফাউন্ডেশন। দীর্ঘদিন থেকে সারাদেশের দুঃখী মানুষের পাশে দাঁড়াচ্ছে বাসমাহ। বিশেষ করে, রোহিঙ্গা ক্যাম্প, ঝড়ে ক্ষতিগ্রস্ত আম্পান এলাকাসহ যেখানেই মানবতার পাশে দাঁড়ানোর ডাক এসেছে সেখানেই ছুটে গেছে বাসমাহ। সম্প্রতি অসহায় দরিদ্র মানুষের মাঝে তৈরি খাবার বিতরণের উদ্যোগ গ্রহণ করা হয় এবং আজকে এটি আমাদের এই প্রকল্পের প্রথম বাস্তবায়ন।'



খাবার বিতরণে এসে কেমন অভিজ্ঞতা হলো, এই বিষয়টি জানতে চাইলে জনাব আমিন জানান, 'এখানে এসে আমরা যে দৃশ্য দেখেছি, তাতে মনে হয়েছে, প্রয়োজনের তুলনায় আমাদের সামর্থ্য খুবই সীমিত। সমাজের বিত্তবানরা যদি এ সকল দরিদ্র ও অনাহারী বা অর্ধাহারী মানুষের পাশে দাঁড়ানোর মানসিকতা নিয়ে এগিয়ে আসতো; তাহলে সত্যিই অসহায় এবং দরিদ্র মানুষের জন্য আমরা ভালো কিছু করতে পারতাম।' তিনি আরো জানান, 'বাসমাহ ফাউন্ডেশনের এ প্রকল্প ক্রমান্বয়ে আরো বৃদ্ধি পাবে। বিশেষ করে পথশিশু, নিম্নআয়ের মানুষের জন্য এই প্রকল্পটি আরো বড় পরিসরে পরিচালনা করার চিন্তা চলছে। কমলাপুর রেলস্টেশন, সদরঘাট লঞ্চ টার্মিনালসহ বিভিন্ন এলাকার নিম্নবিত্ত মানুষের দ্বারে দ্বারে এই সেবা কার্যক্রম পৌঁছে দিতে সকলের দোয়া ও সহযোগিতা চায় স্বেচ্ছাসেবী এ প্রতিষ্ঠানটি।





## যোগাযোগ

Phone: +8801709-258625
basmahfoundation@gmail.com

fb.com/basmahfoundation
http://www.basmah-bd.org

সাদিপুর, বড়নগর, সোনারগাঁ, নারায়ণগঞ্জ, বাংলাদেশ।